

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 02-02-2026

Time: 07:35-07:40 PM Hrs

BENGALI MORNING BULLETIN

President's Odisha visit:

রাষ্ট্রপতি প্রেসিডেন্সি মুর্মু আজ থেকে ওড়িশা এবং ছত্তিশগড়ে ছয় দিনের সফরে আসছেন। এই সফরকালে রাষ্ট্রপতি বালাসোরে ফকির মোহন বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেবেন এবং এর নবনির্মিত অডিটোরিয়ামের উদ্বোধন করবেন। ওড়িশায় দু'দিনের সফর শেষে ছত্তিশগড় যাবেন। সেখানে তিনি পরবর্তী চারদিনে একগুচ্ছ কর্মসূচিতে অংশগ্রহণ করবেন।

CM:

মুখ্যমন্ত্রী ডাঙ্কার মানিক সাহা গোমতি জেলার কিল্লা রাজে বেশ কয়েকটি প্রকল্প আজ উদ্বোধন করবেন। জন জাতি কল্যাণ ও স্বাস্থ্য দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত কিল্লা রাজের আঠারোভোলা এডিসি ভিলেজ এলাকায় নব নির্মিত অ্যাস্ট্রো-টার্ফ সিস্টেটিক ফুটবল মিনি স্টেডিয়ামের উদ্বোধন করবেন। একই সঙ্গে দশরথ দেব মেমোরিয়াল ইংলিশ মিডিয়াম মডেল স্কুলের সাথে যুক্ত ৫০ আসন বিশিষ্ট জনজাতি ছাত্রীনিবাসের ভার্চুয়াল উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী। নিত্য বাজার এলাকায় ১০ শয়া বিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র ও স্টাফ কোয়ার্টারেরও ভার্চুয়াল উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী।

Post Budget Press Meet :

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেছেন, ২০২৬-২৭ সালের কেন্দ্রীয় বাজেটের মাধ্যমে সরকার অর্থনৈতিক প্রবৃদ্ধির গতি বজায় রাখার জন্য পথ তৈরি করছে এবং তা জোরদার করছে। তিনি গতকাল নয়াদিল্লিতে বাজেট-পরবর্তী সাংবাদিক সম্মেলনে একথা বলেন। কেন্দ্রীয় অর্থমন্ত্রী আরও বলেন, প্রাথমিকভাবে, সরকার কাঠামোগত সংস্কারের মাধ্যমে বাস্তব্যবস্থা গড়ে তোলার দিকে নজর দিচ্ছে, যার লক্ষ্য উৎপাদনশীলতা এবং কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির পরিবেশ তৈরি করা। অর্থমন্ত্রী বলেন, এবার মোট মূলধন ব্যয় বরাদ্দ ১২.২ লক্ষ কোটি টাকা, যা জিডিপির ৪.৪ শতাংশ এবং গত ১০ বছরের মধ্যে সর্বোচ্চ। সামগ্রিক অর্থনৈতিক প্রবৃদ্ধিকে সমর্থন করার জন্য কাঠামোগত সংস্কারের উপর মূলধন ব্যয়বরাদ্দে ব্যাপক জোর দেওয়া হবে বলে জানিয়ে শ্রীমতী সীতারমন বলেন, সরকার আশা করছে ২০২৬-২৭ সালে রাজস্ব ঘাটতি জিডিপির ৪.৩ শতাংশে থাকবে, যা চলতি অর্থবছরের জন্য অনুমিত ৪.৪ শতাংশের চেয়ে কম। প্রযুক্তি খাতে বিধান সম্পর্কিত প্রশ্নের জবাবে তিনি বলেন, একবিংশ শতাব্দী সম্পূর্ণ প্রযুক্তি-পরিচালিত এবং সরকার নিশ্চিত করবে, সাধারণ মানুষের উপকারের জন্যই যেন প্রযুক্তি যুক্ত হয়। প্রতি শহরকে প্রতি বছরে ১০০০ কোটি টাকা দেওয়া হচ্ছে এবং এক্ষেত্রে মূলত দ্বিতীয় ও তৃতীয় স্তরের শহরগুলির উপর জোর দেওয়া হবে বলেও কেন্দ্রীয় অর্থমন্ত্রী জানান।

PM on Budget 2026-27:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন লোকসভায় পেশ হওয়া প্রস্তাবিত কেন্দ্রীয় বাজেট মানব-কেন্দ্রিক এবং যুগান্তকারী সংস্কারের মাধ্যমে ভারতের আর্থিক ভিত্তিকে শক্তিশালী করার লক্ষ্যে গ্রিতিহাসিক এবং দেশের সংস্কারের গতিপথ এবং দীর্ঘমেয়াদী প্রবৃদ্ধি ত্বরান্বিত করার অনুঘাটক হিসেবে কাজ করবে অর্থমন্ত্রী নির্মলা সীতারমন গতকাল সংসদে ‘কেন্দ্রীয় বাজেট ২০২৬-২৭’ উপস্থাপনের

পরে তিনি একথা বলেন। তিনি আরও বলেন, বাজেটে প্রস্তাবিত বিষয়গুলি অর্থনীতিকে শক্তিশালী করবে। নাগরিকদের ক্ষমতায়ন এবং ভারতের যুবসমাজকে নতুন উচ্চতায় পৌঁছানোর নতুন সুযোগ দেবে বলেও প্রধানমন্ত্রী জানান। ভারতের ১৪০ কোটি নাগরিক দ্রুত বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হতে চান বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

Budget reaction of Biplab Kumar Deb :

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামনের প্রস্তাবিত কেন্দ্রীয় বাজেটকে বিকশিত ভারত-এর সংকল্প বাস্তবায়নের পথে একটি শক্তিশালী ও অনুপ্রেরণাদায়ক পদক্ষেপ বলে মন্তব্য করেছেন প্রাক্তন মুখ্যমন্ত্রী সাংসদ বিপ্লব কুমার দেব। গতকাল বাজেটের উপর প্রতিক্রিয়া জানাতে গিয়ে তিনি বলেন, এই বাজেট যুবসমাজের জন্য নতুন সুযোগ, কৃষকদের জন্য সুরক্ষা, উদ্যোগাদের জন্য উৎসাহ, মধ্যবিত্তদের জন্য স্বত্ত্ব এবং শ্রমজীবীদের জন্য সম্মান নিয়ে এসেছে। তিনি আরো বলেন, উত্তর-পূর্ব ভারতের সার্বিক উন্নয়নকে এই বাজেটে বিশেষ অগ্রাধিকার দেওয়া হয়েছে। উন্নত যোগাযোগ ব্যবস্থা, পরিকাঠামো, পর্যটন, শক্তিক্ষেত্র, দক্ষতা উন্নয়ন এবং সীমান্তবর্তী অঞ্চলের ক্ষমতায়নের মাধ্যমে উত্তর-পূর্বকে দেশের উন্নয়নের মূলধারার সঙ্গে আরও দৃঢ়ভাবে যুক্ত করা হয়েছে। এ্যাস্ট ইস্ট, অ্যাস্ট ফাস্ট-এর দৃষ্টিভঙ্গিকে নতুন গতি প্রদানকারী এই বাজেট বলেও শ্রী দেব উল্লেখ করেন।

Budget-Income Tax:

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামনের পেশ করা বাজেট প্রস্তাবে আগামী ১লা এপ্রিল থেকে নতুন আয়কর আইন চালু হচ্ছে বলে উল্লেখ করা হয়েছে গ্রান্তকাল কেন্দ্রীয় অর্থমন্ত্রী জানান, নতুন আয়কর আইনে ৩১ জুলাই পর্যন্ত আয়কর রিটার্ন

দাখিল করা যাবে। বাজেটে কর কাঠামোয় সরলীকরণ করার প্রস্তাব রাখা হয়েছে। আয়করে ছোটখাটো ফাঁকিতে জেল নয়, অতিরিক্ত ১০ শতাংশ জরিমানার প্রস্তাব রাখা হয়েছে।

নাইডু ট্রফি :

কর্নেল সিকে নাইডু ট্রফি অনুর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় দিল্লির বিরুদ্ধে ত্রিপুরা ইনিংসে পরাজয় এড়াতে লড়াই করছে। নরসিংগড়ের পিটিএ মাঠে ৬ উইকেটে ৪৮৪ রান থেকে খেলতে নেমে সফরকারী দিল্লি তৃতীয় দিনে ৮ উইকেটে ৫১০ রানে প্রথম ইনিংসের সমাপ্তির ঘোষণা দেয়। ৩৫১ রানে পিছিয়ে থেকে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে ৭ উইকেটে ২৫০ রান হাতে নিয়ে আজ খেলতে নামবে। এর আগে রাজ্যদল প্রথম ইনিংসে ১৪৯ রান করেছিল।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।
